Vol. 151

Issue 183

Chattagram Maa-O-Shishu Hospital

# Bulletin

For Internal Circulation Only

April - June 2017

## চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল মেডিকেল কলেজের ৬ষ্ঠ ব্যাচের ইন্টার্নশীপ সমাপনী অনুষ্ঠান সম্পন্ন

চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল মেডিকেল কলেজের ৬ষ্ঠ ব্যাচের ইন্টার্নী ডাক্তারদের সমাপনী অনুষ্ঠান গত ২২-৪-২০১৭ইং তারিখ নতুন হাসপাতাল ভবনে কার্যনির্বাহী কমিটির প্রেসিডেন্ট প্রফেসর এ এস এম ফজলুল করিম-এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ভূমি মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব সাইফুজ্জামান চৌধুরী জাবেদ। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দৈনিক আজাদীর সম্পাদক জনাব এম এ মালেক। অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে জনাব সাইফুজ্জামান চৌধুরী জাবেদ বলেন, চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল আর্তমানবতার সেবায় এগিয়ে যাচ্ছে। এই প্রতিষ্ঠান সরকারের পাশাপাশি চিকিৎসা সেবা ও চিকিৎসা শিক্ষার ক্ষেত্রে বেসরকারীভাবে বিশেষ অবদান রেখে চলেছে।




*চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল মেডিকেল কলেজের ইন্টার্নী ডাক্তারদের সমাপনী অনুষ্ঠানে বক্তব্য রাখছেন মাননীয় ভূমি প্রতিমন্ত্রী জনাব মোঃ সাইফুজ্জামান চৌধুরী, এমপি।*

অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন কার্যনির্বাহী কমিটির ভাইস-প্রেসিডেন্ট ও মেডিকেল কলেজের প্রতিষ্ঠাতা অধ্যক্ষ অধ্যাপক এম.এ. তাহের খান, ভাইস-প্রেসিডেন্ট জনাব এস.এম. মোরশেদ হোসাইন, ভাইস-প্রেসিডেন্ট ডাঃ এম. মাহফুজুর রহমান, কার্যনির্বাহী কমিটির জেনারেল সেক্রেটারী ডাঃ আঞ্জুমান-আরা-ইসলাম, কার্যনির্বাহী কমিটির ট্রেজারার ডাঃ মোঃ আরিফুল আমীন, গভর্নিং বডির ভাইস-চেয়ারম্যান জনাব মোঃ রেজাউল করিম আজাদ, কার্যনির্বাহী কমিটির মেম্বার মিসেস রেখা আলম চৌধুরী, অধ্যক্ষ অধ্যাপক এ.এস.এম. মোস্তাক আহমেদ, হাসপাতালের পরিচালক (প্রশাসন) ডাঃ মোঃ নূরুল হক ও মেডিকেল কলেজের এনাটমী বিভাগের বিভাগীয় প্রধান অধ্যাপক ডাঃ মমতাজ বেগম।

অনুষ্ঠানে চিকিৎসা পেশাকে একটি মহৎ পেশা এবং প্রকৃত সেবা মনে করার জন্য সদ্য পাশ করা চিকিৎসকদের প্রতি আহ্বান জানানো হয়। অনুষ্ঠানে বক্তারা বলেন, রোগীদের প্রতি সহমর্মিতা ও আন্তরিকতা দিয়ে সঠিকভাবে চিকিৎসা সেবায় নিজেকে আত্মনিয়োগ করতে হবে। রোগীদের সন্তুষ্টিই চিকিৎসকের অন্যতম দায়িত্ব। বক্তারা আরও বলেন যে, চট্টগ্রামে ক্যান্সার রোগীদের জন্য একটি ক্যান্সার হাসপাতাল খুবই প্রয়োজন। চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল কর্তৃপক্ষ একটি ক্যান্সার হাসপাতাল প্রতিষ্ঠার জন্য ইতোমধ্যে উদ্যোগ গ্রহণ করেছে। উক্ত ক্যান্সার হাসপাতাল প্রতিষ্ঠার জন্য সমাজের বিত্তবানরা আর্থিকভাবে সাহায্য সহযোগিতায় এগিয়ে এসেছেন। এই ধরণের উদ্যোগ অত্র প্রতিষ্ঠানের কার্যক্রমকে আরও এগিয়ে নিয়ে যাবে।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কার্যনির্বাহী কমিটির মেম্বার ডাঃ কামরুন নাহার দস্তগীর, জনাব মোঃ আনোয়ারুল ইসলাম, ডাঃ মোঃ পারভেজ ইকবাল শরীফ, জনাব এস এম কুতুব উদ্দিন, জনাব মোঃ জাহিদুল হাসান, জনাব মোঃ হারুন ইউসুফ, জনাব খায়েজ আহমেদ ভূঁইয়া ডোনার মেম্বার ইঞ্জিঃ মোঃ জাবেদ আবছার চৌধুরী, উপাধ্যক্ষ অধ্যাপক অসীম কুমার বড়ুয়া প্রমুখ। অনুষ্ঠানে বেস্ট ডাক্তার হিসাবে নির্বাচিত ডাঃ ফারহানা আক্তারকে (শিক্ষাবর্ষঃ ২০১০-২০১১, ক্লাস রোল নং-৬) এস.এন্ড এফ করিম ট্রাস্ট এর পক্ষ থেকে একটি গোল্ড মেডেল ও সম্মাননা প্রদান করা হয়। দিনব্যাপী আয়োজিত অনুষ্ঠানমালার মধ্যে ছিল স্মৃতিচারণ, সাংস্কৃতিক অনুষ্ঠান ও র‌্যাফেল ড্র।

ডাঃ সুকান্ত মহাজনের প্রাণবন্ত ও সাবলীল উপস্থাপনায় উক্ত অনুষ্ঠানে অত্র প্রতিষ্ঠানের প্রি-ক্লিনিক্যাল, প্যারা-ক্লিনিক্যাল এবং ক্লিনিক্যাল বিভাগের সর্বস্তরের অধ্যাপক, সহযোগী অধ্যাপক, সহকারী অধ্যাপক, সিনিয়র কনসালটেন্ট, কনসালটেন্ট, জুনিয়র কনসালটেন্ট, রেসিডেন্ট ফিজিশিয়ান, রেসিডেন্ট সার্জন, কিউরেটর, প্রভাষক, রেজিস্ট্রার, সহকারী রেজিস্ট্রার, মেডিকেল অফিসার, ইন্টার্ণী ডাক্তার, ছাত্র-ছাত্রী, কর্মকর্তা, নার্স, নার্সিং শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীগণ স্বতস্ফূর্তভাবে অংশ গ্রহণ করেন।


# President's Corner

## CREATION OF BEHAVIORAL IMPLEMENTATION

Creating Behavioral Culture and its implementation in a medical organization requires involvement of all and every one. There must be a performance standard and accountability standard equally applicable to all. Otherwise sense of resentment and unfairness develops, Patients' satisfaction will not be maintained. Improvement will not take place, so development of standard behaviour for service excellence is a must amongst the medical group. Training and tools must be provided to all categories of service providers. There should be regular monitoring system imposed in the system permanently so that no internal inconsistency can creepin. Should there be a disruption in the system,that should be dealt with effectively with greater authority, otherwise health care service will be impacted. It should be institutional responsibility to maintain workplaces performance, cooperation, collegiality, respect and accountability being applied to all. These then become the sheet anchor of reputation of a medical service organization.

**Prof. ASM Fazlul Karim**
President
Chattagram Maa-O-Shishu Hospital

## চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের ইনষ্টিটিউট অব অটিজম এন্ড চাইল্ড ডেভেলপমেন্ট এর ডেভেলপমেন্টাল থেরাপি কোর্সের সার্টিফিকেট বিতরণ অনুষ্ঠান সম্পন্ন





*"ডেভেলপমেন্টাল থেরাপি" কোর্সের সার্টিফিকেট বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখছেন লায়ন্স ক্লাব ইন্টারন্যাশনাল এর মাননীয় জেলা গভর্ণর লায়ন মোঃ শাহ আলম বাবুল পিএমজেএফ।*

চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের ইনষ্টিটিউট অব অটিজম এন্ড চাইল্ড ডেভেলপমেন্ট এর ৩ মাস মেয়াদী "ডেভেলপমেন্টাল থেরাপি" কোর্সের সার্টিফিকেট বিতরণ অনুষ্ঠান গত ১৩/০৪/২০১৭ ইং তারিখ কার্যনির্বাহী কমিটির প্রেসিডেন্ট প্রফেসর এ এস এম ফজলুল করিম এর সভাপতিত্বে নার্সিং অডিটোরিয়ামে অনুষ্ঠিত হয়। সভাতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন লায়ন্স কাব ইন্টারন্যাশনাল ডিষ্ট্রিক্ট ৩১৫ বি৪ এর মাননীয় জেলা গভর্ণর  লায়ন মোঃ শাহ আলম বাবুল পিএমজেএফ। অনুষ্ঠানে আরো বক্তব্য রাখেন চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের কার্যনির্বাহী কমিটির জেনারেল সেক্রেটারী ডাঃ আঞ্জুমান আরা ইসলাম, ভাইস প্রেসিডেন্ট জনাব এস এম মোরশেদ হোসেন, চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল মেডিকেল কলেজ গভর্নিং বডির ভাইস চেয়ারম্যান জনাব মোঃ রেজাউল করিম আজাদ ও ইনষ্টিটিউট অব অটিজম এন্ড চাইল্ড ডেভেলপমেন্ট এর পরিচালক প্রফেসর ডাঃ মাহমুদ আহমেদ চৌধুরী আরজু। প্রধান অতিথি লায়ন জেলা গভর্ণর জনাব মোঃ শাহ আলম বাবুল বলেন, আমি অত্যন্ত আনন্দিত এজন্য যে, চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের প্রতিষ্ঠালগ্ন থেকে লায়ন্স ক্লাব সমূহ এই হাসপাতালের সাথে জড়িত। হাসপাতালের প্রতিষ্ঠাতা প্রেসিডেন্ট ও ছিলেন একজন লায়ন জেলা গভর্ণর। ছোট্ট পরিসরে এই হাসপাতালটি শুরু করা হলেও এটি আজ বিশাল একটি প্রতিষ্ঠান হিসেবে প্রতিষ্ঠা লাভ করেছে। বৃহত্তর চট্টগ্রামে আজ চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল সর্বসাধারণের চিকিৎসা সেবায় গুরুত্বপূর্ণ অবদান রেখে চলেছে। এই হাসপাতালের অধীনে পরিচালিত মেডিকেল কলেজ বাংলাদেশের অন্যতম সেরা বেসরকারী মেডিকেল কলেজ হিসেবে সুনাম অর্জন করেছে। তিনি হাসপাতালের ইনষ্টিটিউট অব অটিজম এন্ড চাইল্ড ডেভেলপমেন্ট এর কার্যক্রমের খুবই প্রশংসা করেন। প্রতিবন্ধি শিশুদের জন্য এখানে একই ছাতার নিচে সব ধরনের চিকিৎসা সেবার ব্যবস্থা রয়েছে। এছাড়া প্রতিবন্ধি শিশুদের চিকিৎসা সেবায় দক্ষ মানব সম্পদ তৈরির জন্য এ ধরনের প্রশিক্ষন কোর্স এর গুরুত্ব অপরিসীম। তিনি চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের উন্নয়নে তার নিজের পক্ষ থেকে এবং লায়ন্স ডিষ্ট্রিক্ট এর পক্ষ থেকে সর্বাত্বক সহযোগিতার আশ্বাস প্রদান করেন।  অনুষ্ঠানে প্রধান অতিথি ৩ মাস মেয়াদী ডেভেলপমেন্টাল থেরাপি কোর্সে অংশগ্রহণকারীদের মধ্যে সার্টিফিকেট বিতরণ করেন। এর আগে প্রধান অতিথি হাসপাতালের শিশু বিকাশ কেন্দ্র ও বিভিন্ন বিভাগ সমূহ পরিদর্শ করেন। অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন কার্যনির্বাহী কমিটির সদস্য ডাঃ কামরুন নাহার দস্তগীর, জনাব মোঃ হারুন ইউসুফ, চমাশিহা মেডিকেল কলেজের প্রিন্সিপাল প্রফেসর ডাঃ এ এস এম মোস্তাক আহমেদ, পরিচালক (প্রশাসন) ডাঃ মোঃ নূরুল হক, শিশু স্বাস্থ্য বিভাগের অধ্যাপক ও বিভাগীয় প্রধান ডাঃ মোঃ বদরুদ্দোজা প্রমুখ। অনুষ্ঠানে হাসপাতাল, মেডিকেল কলেজ ও নার্সিং ইনষ্টিটিউটের শিক্ষক/শিক্ষিকা, ডাক্তার, নার্স, কর্মকর্তা, কর্মচারী ও ছাত্র/ছাত্রীগণ অংশ গ্রহণ করেন।

## চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের অটিজম ও শিশু বিকাশ কেন্দ্রের উদ্যোগে বিশ্ব অটিজম সচেতনতা দিবস - ২০১৭ পালিত

চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের ইনষ্টিটিউট অব অটিজম ও শিশু বিকাশ কেন্দ্রের উদ্যোগে গত ০২/০৪/২০১৭ ইং তারিখ বিশ্ব অটিজম সচেতনতা দিবস - ২০১৭ পালন করা হয়। এ উপলক্ষে হাসপাতালের নার্সিং অডিটোরিয়ামে এক আলোচনা সভা কার্যনির্বাহী কমিটির প্রেসিডেন্ট প্রফেসর এ এস এম ফজলুল করিম এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চট্টগ্রাম চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাষ্ট্রিজ এর প্রেসিডেন্ট এবং এফবিসিসিআই এর ভাইস প্রেসিডেন্ট জনাব মাহবুবুল আলম তালুকদার। অনুষ্ঠানে আরো বক্তব্য রাখেন হাসপাতালের কার্যনির্বাহী কমিটির ভাইস প্রেসিডেন্ট জনাব এস এম মোরশেদ হোসেন, জেনারেল সেক্রেটারী ডাঃ আঞ্জুমান আরা ইসলাম, চমাশিহা মেডিকেল কলেজ গভর্নিং বডির ভাইস চেয়ারম্যান জনাব মোঃ রেজাউল করিম আজাদ, কার্যনির্বাহী কমিটির সদস্য মিসেস রেখা আলম চৌধুরী, ইনষ্টিটিউট অব চাইল্ড হেলথ এর পরিচালক প্রফেসর ডাঃ মাহমুদ আহমেদ চৌধুরী আরজু ও হাসপাতালের পরিচালক (প্রশাসন) ডাঃ মোঃ নূরুল হক। অনুষ্ঠানে মূল প্রবন্ধ উপস্থাপন করেন হাসপাতালের শিশু স্বাস্থ্য বিভাগের সহকারী অধ্যাপক ডাঃ তনুকা বড়ুয়া। প্রধান অতিথি জনাব মাহবুবুল আলম তালুকদার তার বক্তব্যে বলেন, চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল বৃহত্তর চট্টগ্রামে স্বাস্থ্য সেবায় গুরুত্বপূর্ণ অবদান রেখে চলেছে। হাসপাতালের ইনষ্টিটিউট অব অটিজম ও চাইল্ড ডেভেলপমেন্ট শারীরিক ও মানসিক প্রতিবন্ধি ও অটিষ্টিক শিশুদের চিকিৎসা সেবায় গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। এখানে একই ছাতার নিচে প্রতিবন্ধি শিশুদের জন্য সব ধরনের চিকিৎসা সেবার ব্যবস্থা রয়েছে। এককথায় প্রতিবন্ধি শিশুদের জন্য এখানে ওয়ান স্টপ সার্ভিসের ব্যবস্থা রয়েছে, যা চট্টগ্রামে অন্য কোন হাসপাতাল বা সেবা কেন্দ্রে নাই। চিকিৎসা সেবার পাশাপাশি এই খাতে দক্ষ মানবসম্পদ তৈরির জন্য এখানে বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণের ব্যবস্থা রয়েছে। সম্প্রতি চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের অধীনে এখানে ডিপ্লোমা ইন ডেভেলপমেন্টাল থেরাপি কোর্স চালুর জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃক অনুমোদন প্রদান করা হয়েছে। তিনি আরো বলেন, অটিষ্টিক শিশুদের সহযোগিতার জন্য সকলের সহযোগীতা ও আন্তরিকতা প্রয়োজন। এ ব্যাপারে ব্যাপক জনসচেতনতা বৃদ্ধির জন্য সভাতে গুরুত্বারোপ করা হয়। চেম্বার প্রেসিডেন্ট চট্টগ্রাম মা ও শিশু হাসাতালের চিকিৎসা সেবা ও সামগ্রিক উন্নয়নে খুবই সন্তোষ প্রকাশ করেন। বিশেষ করে নতুন হাসপাতাল ভবনের নির্মাণ কাজের অগ্রগতিতে তিনি খুবই সন্তোষ প্রকাশ করেন। তিনি তার নিজের এবং চট্টগ্রাম চেম্বারের পক্ষ থেকে হাসপাতালের উন্নয়নে সর্বাত্নক সহযোগীতার আশ্বাস প্রদান করেন। প্রধান অতিথি চট্টগ্রাম কমার্স এন্ড ইনডাস্ট্রিজ এর পক্ষ থেকে হাসপাতালের জন্য একটি এ্যাম্বুলেন্স প্রদান করবেন বলে প্রতিশ্রুতি প্রদান করেন। কার্যনির্বাহী কমিটির প্রেসিডেন্ট প্রফেসর এ এস এম ফজলুল করিম প্রধান অতিথিকে অনুষ্ঠানে অংশ গ্রহণ করার জন্য আন্তরিক ধন্যবাদ জানান। এর আগে বিশ্ব অটিজম সচেতনতা দিবস উপলক্ষে একটি বর্ণাঢ্য র‍্যালি আয়োজন করা হয়।




*বিশ্ব অটিজম সচেতনতা দিবস উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখছেন চট্টগ্রাম চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাষ্ট্রিজ এর প্রেসিডেন্ট জনাব মাহবুবুল আলম তালুকদার।*

## চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের উদ্যোগে বিশ্ব থ্যালাসেমিয়া দিবস - ২০১৭ পালন

চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের উদ্যোগে গত ০৮/০৫/২০১৭ ইং তারিখ বিশ্ব থ্যালাসেমিয়া দিবস - ২০১৭ পালন করা হয়। এ উপলক্ষে হাসপাতালের থ্যালাসেমিয়া ওয়ার্ডে থ্যালাসেমিয়া রোগী ও রোগীর অভিভাবকদের সাথে এক মত বিনিময় সভা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মেডিকেল কলেজ গভর্ণিং বডির ভাইস চেয়ারম্যান জনাব মোঃ রেজাউল করিম আজাদ, পরিচালক (প্রশাসন) ডাঃ মোঃ নূরুল হক, হাসপাতালের ইনষ্টিটিউট অব অটিজম ও চাইল্ড ডেভেলপমেন্ট এর পরিচালক ও থ্যালাসেমিয়া ইউনিটের ভারপ্রাপ্ত কনসালট্যান্ট প্রফেসর মাহমুদ আহমেদ চৌধুরী আরজু, উপ-পরিচালক (প্রশাসন) জনাব মোহাম্মদ মোশাররফ হোসাইন, সহকারী পরিচালক (প্রশাসন) ডাঃ এ কে এম আশরাফুল করিম, শিশু স্বাস্থ্য বিভাগের জুনিয়র কনসালট্যান্ট ডাঃ কামাল হোসেন জুয়েল এবং শিশু স্বাস্থ্য বিভাগ ও থ্যালাসেমিয়া ইউনিটের চিকিৎসকবৃন্দ। সভাতে উল্লেখ করা হয়, প্রতি বছর ৮ই মে বিশ্ব থ্যালাসেমিয়া দিবস পালন করা হয়। দিবসটি পালনের উদ্দেশ্য হল সাধারণ মানুষের মাঝে থ্যালাসেমিয়া রোগ সম্পর্কে এবং এই রোগ প্রতিরোধে সচেতনতা বৃদ্ধি করা। সভাতে উল্লেখ করা হয় চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালে থ্যালাসেমিয়া আক্রান্ত রোগীদের রোগ নির্ণয়, রক্তদান ও চিকিৎসা সেবার জন্য আলাদা বিশেষায়িত একটি থ্যালাসেমিয়া ইউনিট রয়েছে। এখানে থ্যালাসেমিয়া রোগ সনাক্তকরণের জন্য রয়েছে এইচপিএলসি মেশিন এবং সেল সেপারেটর মেশিন। থ্যালাসেমিয়া রোগীদের এখানে স্বল্প খরচে রক্ত দান ও চিকিৎসা সেবার ব্যবস্থা রয়েছে। সভাতে থ্যালাসেমিয়া রোগীদের সহযোগীতায় সকলকে এগিয়ে আসার আহবান জানানো হয়। ওয়ার্ল্ড থ্যালাসেমিয়া ডে উপলক্ষে হাসপাতালের থ্যালাসেমিয়া ওয়ার্ডকে বিশেষভাবে সাজানো হয় এবং থ্যালাসেমিয়া রোগী এবং রোগীর অভিভাবকদের মধ্যে খাবার বিতরণ করা হয়।



*থ্যালাসেমিয়া ডে উপলক্ষে হাসপাতালের থ্যালাসেমিয়া ওয়ার্ডে রোগীদের সাথে চমাশিহা মেডিকেল কলেজ গভর্ণিং বডির ট্রেজারার জনাব মোঃ রেজাউল করিম আজাদ ও চিকিৎসকবৃন্দ।*

## চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের কার্যনির্বাহী কমিটির নির্বাচন ২০১৭-২০২০ সম্পন্ন

### প্রফেসর এ.এস.এম. ফজলুল করিম - ডাঃ আঞ্জুমান আরা ইসলাম - ডাঃ মোঃ আরিফুল আমীন পরিষদ পূর্ণ প্যানেলে বিজয়ী

চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের কার্যনির্বাহী কমিটির নির্বাচন ২০১৭-২০২০ গত ২০/০৫/২০১৭ ইং তারিখ বিপুল উৎসাহ ও উদ্দীপনার মাধ্যমে সম্পন্ন হয়। অত্যন্ত অবাধ সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে উক্ত নির্বাচন সম্পন্ন হয়। নির্বাচনে প্রফেসর এ.এস.এম. ফজলুল করিম - ডাঃ আঞ্জুমান আরা ইসলাম - ডাঃ মোঃ আরিফুল আমীন পরিষদ পূর্ণ প্যানেলে বিজয় লাভ করেন। নির্বাচনে জেনারেল সেক্রেটারী পদে ডাঃ আঞ্জুমান আরা ইসলাম, জয়েন্ট জেনারেল সেক্রেটারী পদে ডাঃ মোঃ আরিফুল আমীন, মেম্বার পদে ডাঃ কামরুন নাহার দস্তগীর, জনাব মোঃ আনোয়ারুল ইসলাম, ইঞ্জিনিয়ার এম. আলী আশরাফ, মিসেস রেখা আলম চৌধুরী, অধ্যক্ষ ড. মোহাম্মদ সানাউল্লাহ, আলহাজ্ব মোঃ আহসান উল্লাহ, এস.এম কুতুব উদ্দিন, মোঃ জাহিদুল হাসান, আলহাজ্ব মোঃ হারুন ইউছুপ, ডাঃ মোঃ ফয়সাল ইকবাল চৌধুরী, এম. জাকির হোসেন তালুকদার, ডাঃ সাজ্জাদ মোহাম্মদ ইউসুফ ও জনাব খায়েজ আহমদ ভুঁইয়া জয় লাভ করেন। প্রধান নির্বাচন কমিশনার চট্টগ্রামের অতিরিক্ত বিভাগীয় কমিশনার (উন্নয়ন) সৈয়দা সরোয়ার জাহান নির্বাচনের ফলাফল ঘোষণা করেন। উল্লেখ্য উক্ত প্যানেল থেকে প্রেসিডেন্ট পদে প্রফেসর এ.এস.এম ফজলুল করিম, ভাইস প্রেসিডেন্ট পদে প্রফেসর এম.এ তাহের খান, জনাব এস.এম. মোরশেদ হোসেন ও ডাঃ এম. মাহফুজুর রহমান, ট্রেজারার পদে জনাব মোঃ রেজাউল করিম আজাদ ও ডোনার মেম্বার পদে ইঞ্জিনিয়ার মোঃ জাবেদ আবছার চৌধুরী এবং ডাঃ মোঃ পারভেজ ইকবাল শরীফ বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত হয়েছেন। নব নির্বাচিত কমিটির জেনারেল সেক্রেটারি ডাঃ আনজুমান আরা ইসলাম তাকে এবং তার পূর্ণ প্যানেলকে নির্বাচিত করায় সম্মানিত আজীবন সদস্য/সদস্যাবৃন্দকে আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান।



*নির্বাচনের ফলাফল ঘোষণা করছেন নির্বাচন কমিশনার চট্টগ্রামের অতিরিক্ত বিভাগীয় কমিশনার (উন্নয়ন), চট্টগ্রাম ও প্রধান নির্বাচন কমিশনার সৈয়দা সরোয়ার জাহান।*

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব জনাব মোহাম্মদ মুসলিম চৌধুরী চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল পরিদর্শন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব জনাব মোহাম্মদ মুসলিম চৌধুরী গত ২৪/০৬/২০১৭ইং তারিখ চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল পরিদর্শন করেন। পরিদর্শনকালে তিনি হাসপাতালের চিকিৎসা সেবা কার্যক্রম বিশেষ করে হাসপাতালের ইনস্টিটিউট অব অটিজম এন্ড চাইল্ড ডেভেলপমেন্ট এর কার্যক্রম পরিদর্শন করেন। তিনি হাসপাতালের সার্বিক কার্যক্রমে এবং বিশেষ করে প্রতিবন্ধি শিশুদের জন্য অটিজম ও শিশু বিকাশ কেন্দ্রের চিকিৎসা সেবা কার্যক্রমে খুবই সন্তোষ প্রকাশ করেন। অতিরিক্ত সচিব জনাব মোহাম্মদ মুসলিম চৌধুরী হাসপাতালে আসলে তাকে হাসপাতালের পক্ষ থেকে ফুল দিয়ে শুভেচ্ছা জানানো হয়। এ সময় হাসপাতালের কার্যনির্বাহী কমিটির প্রেসিডেন্ট প্রফেসর এ এস এম ফজলুল করিম, ভাইস প্রেসিডেন্ট জনাব এস এম মোরশেদ হোসেন, চমাশিহা মেডিকেল কলেজের গভর্ণিং বডির ভাইস চেয়ারম্যান/অনারারী ট্রেজারার জনাব মোঃ রেজাউল করিম আজাদ, কার্যনির্বাহী কমিটির সদস্য জনাব মোঃ আনোয়ারুল ইসলাম, আলহাজ্ব মোঃ হারুন ইউসুফ, জনাব মোঃ জাহিদুল হাসান, হাসপাতালের পরিচালক (প্রশাসন) ডাঃ মোঃ নূরুল হক, হাসপাতালের ইনস্টিটিউট অব অটিজম ও চাইল্ড ডেভেলপমেন্ট এর পরিচালক প্রফেসর মাহমুদ আহমেদ চৌধুরী আরজু, সহযোগী অধ্যাপক (শিশু স্বাস্থ্য) ডাঃ শাহেদ ইকবাল, উপ-পরিচালক (প্রশাসন) জনাব মোহাম্মদ মোশাররফ হোসাইন এবং সহকারী পরিচালক (আইসিএইচ) ডাঃ মোঃ আবু সাঈদ চৌধুরী উপস্থিত ছিলেন। তিনি চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের সার্বিক উন্নয়নে অর্থ মন্ত্রণালয়ের পক্ষ থেকে গ্রান্ট ইন এইড বৃদ্ধি সহ প্রয়োজনীয় সর্বাত্মক সহযোগিতার আশ্বাস প্রদান করেন।



*অর্থ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব জনাব মোহাম্মদ মুসলিম চৌধুরীকে ফুল দিয়ে শুভেচ্ছা জানাচ্ছেন কার্যনির্বাহী কমিটির প্রেসিডেন্ট প্রফেসর এ এস এম ফজলুল করিম ও কার্যনির্বাহী কমিটির সদস্যবৃন্দ।*

## চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল মেডিকেল কলেজের ইন্টার্নী চিকিৎসকদের সার্টিফিকেট বিতরণ অনুষ্ঠান সম্পন্ন

চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল মেডিকেল কলেজের ইন্টার্নী চিকিৎসকদের সার্টিফিকেট বিতরণ অনুষ্ঠান গত ০৬/০৬/২০১৭ ইং তারিখ কার্যনির্বাহী কমিটির প্রেসিডেন্ট প্রফেসর এ এস এম ফজলুল করিম এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চট্টগ্রামের নবাগত জেলা প্রশাসক জনাব মোঃ জিল্লুর রহমান চৌধুরী। অনুষ্ঠানে বক্তব্য রাখেন কার্যনির্বাহী কমিটির জেনারেল সেক্রেটারী ডাঃ আঞ্জুমান আরা ইসলাম ও ভাইস প্রেসিডেন্ট জনাব এস এম মোরশেদ হোসেন। অনুষ্ঠানে প্রধান অতিথি জনাব মোঃ জিল্লুর রহমান চৌধুরী বলেন, চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল সম্পর্কে আমি যতদূর জেনেছি এটি একটি জনহিতকর ও সেবামূলক প্রতিষ্ঠান। চট্টগ্রামে এ প্রতিষ্ঠানের যথেষ্ট সুনাম রয়েছে। এই মেডিকেল কলেজেরও বাংলাদেশে একটি অন্যতম সেরা বেসরকারী মেডিকেল কলেজ হিসেবে সুনাম রয়েছে। তিনি হাসপাতালের চিকিৎসা সেবা কার্যক্রম বিশেষ করে বিশেষায়িত অটিজম ও শিশু বিকাশ কেন্দ্রের কার্যক্রমের খুবই প্রশংসা করেন। তিনি এখানকার চিকিৎসকদের বিশেষ করে আজকে যাদের ইন্টার্নীশিপ সমাপনী সার্টিফিকেট প্রদান করা হচ্ছে তাদেরকে বিশ্বমানের চিকিৎসক হিসেবে নিজেদেরকে গড়ে তোলার আহবান জানান। তিনি বলেন, চট্টগ্রামে অনেক সমস্যা রয়েছে। এরমধ্যে অন্যতম হল জলাবদ্ধতা। অপরিকল্পিত নগরায়নের কারণে এ সমস্যার সৃষ্টি হয়েছে। সকলের সম্মিলিত প্রচেষ্টায় এই সমস্যা থেকে আমাদেরকে বেরিয়ে আসতে হবে। তিনি চট্টগ্রামের টেকসই উন্নয়নের উপর বিশেষ ভাবে গুরুত্বারোপ করেন। এজন্য সরকারী বেসরকারী পর্যায়ে সকলের সহযোগীতা প্রয়োজন। প্রধান অতিথি হাসপাতালের পরিষ্কার পরিচ্ছন্নতা নিশ্চিতকরণ ও হাসপাতালের খোলা জায়গা সমূহে সবুজায়ন/ফুলের বাগান করার জন্য হাসপাতাল কর্তৃপক্ষকে অনুরোধ করেন। তিনি চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের জন্য তার নিজের পক্ষ থেকে এবং জেলা প্রশাসনের পক্ষ থেকে সম্ভব সকল সহযোগিতার আশ্বাস প্রদান করেন। এর আগে প্রধান অতিথি চমাশিহা মেডিকেল কলেজ এর ৬ষ্ঠ ব্যাচের ইন্টার্নী চিকিৎসকদের আনুষ্ঠানিক ভাবে ইন্টার্নীশিপ সমাপনী সার্টিফিকেট বিতরণ করেন এবং এ উপলক্ষে প্রকাশিত স্মরণিকা "অনির্বাণ" এর মোড়ক উন্মোচন করেন। কার্যনির্বাহী কমিটির প্রেসিডেন্ট প্রফেসর এ এস এম ফজলুল করিম নবাগত জেলা প্রশাসককে হাসপাতাল পরিদর্শনে আসার জন্য আন্তরিক ধন্যবাদ জানান। এর আগে নবাগত জেলা প্রশাসক জনাব মোঃ জিল্লুর রহমান চৌধুরীকে হাসপাতালের পক্ষ থেকে ফুল দিয়ে বরন করে নেয়া হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কার্যনির্বাহী কমিটির ভাইস প্রেসিডেন্ট জনাব এম এ তাহের খান, ডাঃ এম মাহফুজুর রহমান, জয়েন্ট জেনারেল সেক্রেটারী ডাঃ মোঃ আরিফুল আমীন, ট্রেজারার জনাব মোঃ রেজাউল করিম আজাদ, কার্যনির্বাহী কমিটির সদস্য ডাঃ মোঃ পারভেজ ইকবাল শরীফ, মিসেস রেখা আলম চৌধুরী, জনাব মোঃ জাহিদুল হাসান, জনাব মোঃ হারুন ইউসুফ, জনাব মোঃ জাকির হোসেন তালুকদার, চমাশিহা মেডিকেল কলেজের প্রিন্সিপাল প্রফেসর এ এস এম মোস্তাক আহমেদ, পরিচালক (প্রশাসন) ডাঃ মোঃ নুরুল হক প্রমুখ। অনুষ্ঠানে হাসপাতাল ও মেডিকেল কলেজের শিক্ষকবৃন্দ, ডাক্তার, নার্স, কর্মকর্তা, কর্মচারী ও ইন্টার্নী চিকিৎসকগণ অংশ গ্রহণ করেন।



*ইন্টার্নী চিকিৎসকদের সার্টিফিকেট বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখছেন চট্টগ্রামের নবাগত জেলা প্রশাসক জনাব মোঃ জিল্লুর রহমান চৌধুরী।*

## স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের যুগ্ন সচিব ড. মুঃ আনোয়ার হোসেন হাওলাদার চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল পরিদর্শন

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের যুগ্ন সচিব ড. মুঃ আনোয়ার হোসেন হাওলাদার গত ২৬/০৪/২০১৭ইং তারিখ চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল পরিদর্শন করেন। পরিদর্শনকালে তিনি হাসপাতালের চিকিৎসা সেবা কার্যক্রম বিশেষ করে হাসপাতালের ইনষ্টিটিউট অব অটিজম এন্ড চাইল্ড ডেভেলপমেন্ট এর কার্যক্রম পরিদর্শন করেন। তিনি হাসপাতালের সার্বিক কার্যক্রমে এবং বিশেষ করে প্রতিবন্ধি শিশুদের জন্য অটিজম ও শিশু বিকাশ কেন্দ্রের চিকিৎসা সেবা কার্যক্রমে খুবই সন্তোষ প্রকাশ করেন। তিনি বলেন, প্রতিবন্ধি শিশুদের জন্য চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের এই কেন্দ্রটি সকলের জন্য একটি মডেল হতে পারে। এখানে প্রতিবন্ধি শিশুদের জন্য ওয়ান ষ্টপ সার্ভিস সেবা বিদ্যমান। অর্থাৎ একই ছাতার নিচে প্রতিবন্ধি শিশুদের জন্য সব ধরনের চিকিৎসা সেবার ব্যবস্থা এই কেন্দ্রে রয়েছে। তিনি আরো বলেন, এই কেন্দ্রের অধীনে সম্প্রতি ডিপ্লোমা ইন ডেভেলপমেন্টাল থেরাপি কোর্স চালু করার উদ্যোগ নেয়া হয়েছে। এটি এই সেক্টরে দক্ষ/প্রশিক্ষিত মানব সম্পদ তৈরীতে গুরুত্বপূর্ণ অবদান রাখবে। তিনি হাসপাতালের উন্নয়নে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের পক্ষ থেকে সর্বাত্মক সহযোগিতার আশ্বাস প্রদান করেন। যুগ্ম সচিব মহোদয়কে হাসপাতালে ফুল দিয়ে শুভেচ্ছা জানান কার্যনির্বাহী কমিটির প্রেসিডেন্ট প্রফেসর এ এস এম ফজলুল করিম ও জেনারেল সেক্রেটারী ডাঃ আঞ্জুমান আরা ইসলাম। এরপর তিনি হাসপাতালের কার্যনির্বাহী কমিটির নেতৃবৃন্দনের সাথে সৌজন্যে বৈঠকে মিলিত হন। এসময় হাসপাতালের পক্ষে কার্যনির্বাহী কমিটির ভাইস প্রেসিডেন্ট জনাব এস এম মোরশেদ হোসেন, গভর্ণিং বডির ভাইস চেয়ারম্যান জনাব মোঃ রেজাউল করিম আজাদ, কার্যনির্বাহী কমিটির সদস্য জনাব এস এম কুতুব উদ্দিন, চমাশিহা মেডিকেল কলেজের প্রিন্সিপাল প্রফেসর এ এস এম মোস্তাক আহমেদ, পরিচালক (প্রশাসন) ডাঃ মোঃ নূরুল হক, ইনষ্টিটিউট অব অটিজম অ্যান্ড চাইল্ড ডেভেলপমেন্ট এর পরিচালক প্রফেসর ডাঃ মহামুদ আহমেদ চৌধুরী আরজু, চমাশিহা মেডিকেল কলেজের ভাইস প্রিন্সিপাল প্রফেসর অসীম কুমার বড়ুয়া ও হাসপাতালের উপ-পরিচালক (প্রশাসন) জনাব মোঃ মোশাররফ হোসাইন উপস্থিত ছিলেন।



*স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের যুগ্ন সচিব ড. মুঃ আনোয়ার হোসেন হাওলাদারকে ফুল দিয়ে শুভেচ্ছা জানাচ্ছেন হাসপাতাল কর্তৃপক্ষ।*

## প্রখ্যাত স্ত্রীরোগ বিশেষজ্ঞ ডাঃ শাহিদা করিম এর ইন্তেকাল

প্রখ্যাত স্ত্রীরোগ বিশেষজ্ঞ ডাঃ শাহিদা করিম গত ২৫ শে জুন ২০১৭ ইং তারিখ দিবাগত রাত ১২.০০ ঘটিকার সময় (১লা শাওয়াল ১৪৩৮ হিজরী) খুলশীস্ত নিজ বাসভবনে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। মৃত্যুকালে তাঁর স্বামী প্রফেসর ডাঃ এ এস এম ফজলুল করিম তাঁর পাশে উপস্থিত ছিলেন। মৃত্যুকালে ডাঃ শাহিদা করিমের বয়স ছিল ৮৩ বছর। তিনি দীর্ঘ ১১ বছর যাবৎ বার্ধক্য জনিত দুরারোগ্য ক্যান্সার ও আলজাইমার রোগে ভুগছিলেন। মৃত্যুকালে তিনি স্বামী, ২ পুত্র, ১ কন্যা, ৫ নাতনী, অসংখ্য গুনগ্রাহী ও শুভানুধ্যায়ী রেখে গেছেন। গত ২৬শে জুন ২০১৭ইং তারিখ সকাল ৯ ঘটিকার সময় খুলশিস্থ মসজিদ প্রাঙ্গনে ঈদ জামাতের পর তাঁর নামাজে জানাজা অনুষ্ঠিত হয় এবং ঐদিন তাঁকে পারিবারিক কবরস্থানে দাফন করা হয়। ডাঃ শাহিদা করিম কর্মজীবনের শুরুতেই সরকারী চাকুরীতে নিয়োজিত ছিলেন। পরবর্তীতে তিনি আর্মি মেডিকেল কোরে ক্লাসিফাইড স্পেশালিষ্ট হিসেবে কাজ করেন। বাংলাদেশে বেসরকারী ভাবে মেটারনিটি সার্ভিস শুরু করার ক্ষেত্রে তিনি গুরুত্বপূর্ণ অবদান রাখেন। চট্টগ্রামে তিনিই বেসরকারী ভাবে মেটারনিটি ক্লিনিক (করিমস্ ক্লিনিক) প্রতিষ্ঠা করেন। চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের প্রতিষ্ঠালগ্ন থেকেই তিনি এই হাসপাতালের সাথে জড়িত ছিলেন। তিনি হাসপাতালের অবস এন্ড গাইনী বিভাগের প্রতিষ্ঠাতা। তিনি ইনার হুইল ক্লাবের প্রতিষ্ঠাতা ও প্রেসিডেন্ট হিসেবে দায়িত্ব পালন করেন। এছাড়াও তিনি বিভিন্ন সামাজিক প্রতিষ্ঠানের সাথে জড়িত ছিলেন।



*মরহুম ডাঃ শাহিদা করিম*

চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের কার্যনির্বাহী কমিটির প্রেসিডেন্ট প্রফেসর এ এস এম ফজলুল করিম এর সহধর্মিনী প্রখ্যাত স্ত্রীরোগ বিশেষজ্ঞ ডাঃ শাহিদা করিমের মৃত্যুতে চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল কার্যনির্বাহী কমিটি, চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল মেডিকেল কলেজ গভর্নিং বডি, চট্টগ্রাম মা-শিশু ও জেনারেল হাসপাতাল, চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল মেডিকেল কলেজ, চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল নার্সিং ইনষ্টিটিউট ও কলেজের পক্ষ থেকে গভীর শোক প্রকাশ করা হয়। নেতৃবৃন্দ মরহুমার আত্মার মাগফেরাত কামনা করেন এবং শোকাহত পবিরাববর্গের প্রতি গভীর সমবেদনা জানান।

## প্রখ্যাত স্ত্রীরোগ বিশেষজ্ঞ ডাঃ শাহিদা করিম এর মৃত্যুতে চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালে শোকসভা অনুষ্ঠিত

চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের কার্যনির্বাহী কমিটির প্রেসিডেন্ট প্রফেসর এ এস এম ফজলুল করিম এর সহধর্মিনী, হাসপাতালের অবস এন্ড গাইনী বিভাগের প্রতিষ্ঠাতা, প্রখ্যাত স্ত্রীরোগ বিশেষজ্ঞ ডাঃ শাহিদা করিম এর মৃত্যুতে গত ০১/০৭/২০১৭ ইং তারিখ চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের উদ্যোগে প্রফেসর এম এ তাহের খানের সভাপতিত্বে এবং কার্যনির্বাহী কমিটির জেনারেল সেক্রেটারী ডাঃ আঞ্জুমান আরা ইসলাম এর সঞ্চালনায় এক শোকসভা অনুষ্ঠিত হয়। শোক সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য্য ও চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল মেডিকেল কলেজের গভর্ণিং বডির মাননীয় চেয়ারম্যান প্রফেসর ড. ইফতেখার উদ্দিন চৌধুরী। সভাতে ডাঃ শাহিদা করিমের বর্ণাঢ্য জীবনের উপর আলোকপাত করা হয়। শোকসভায় বক্তারা বলেন, মরহুম ডাঃ শাহিদা করিম ছিলেন বর্ণাঢ্য কর্ম জীবনের অধিকারী একজন মানুষ। তিনি একদিকে ছিলেন একজন প্রখ্যাত স্ত্রীরোগ বিশেষজ্ঞ ও চিকিৎসক এবং অন্যদিকে ছিলেন একজন আলোকিত মানুষ। নিজের প্রফেশনের বাহিরেও তিনি মানবতার কল্যাণে কাজ করে গেছেন। তিনি ছিলেন একজন অত্যন্ত সাজানো গোছানো, পরিচ্ছন্ন ও শৃংখলা পরায়ন মানুষ। সারা জীবন তিনি অত্যন্ত পরিচ্ছন্ন ও শৃংখলার সাথে জীবন যাপন করেছেন। চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের প্রতিষ্ঠালগ্ন থেকে তিনি এই প্রতিষ্ঠানের সাথে জড়িত ছিলেন। তিনি হাসপাতালের গাইনী বিভাগের প্রতিষ্ঠাতা। তাঁর হাত ধরেই হাসপাতালের গাইনী বিভাগ চালু করা হয়। তাঁর প্রতিষ্ঠিত করিম'স ক্লিনিক বাংলাদেশের অন্যতম সেরা একটি বেসরকারী ক্লিনিক হিসেবে পরিচিত এবং এটি ছিল স্বাধীনতা পরবর্তী সময়ে চট্টগ্রামে প্রথম বেসরকারী ক্লিনিক। সভায় মরহুম ডাঃ শাহিদা করিমের আত্মার মাগফেরাত কামনা করা হয় এবং শোকাহত পরিবারবর্গের প্রতি গভীর সমবেদনা জানানো হয়। সভায় আরো বক্তব্য রাখেন হাসপাতালের কার্যনির্বাহী কমিটির প্রেসিডেন্ট ও মরহুমের স্বামী প্রফেসর এ এস এম ফজলুল করিম, ভাইস প্রেসিডেন্ট জনাব এস এম মোরশেদ হোসেন, জেনারেল সেক্রেটারী ডাঃ আঞ্জুমান আরা ইসলাম, বিএমএ সাধারণ সম্পাদক ডাঃ মোঃ ফয়সাল ইকবাল চৌধুরী, মিসেস কহিনুর নবী, বীর মুক্তিযোদ্ধা ডাঃ মাহফুজুর রহমান, রোটারিয়ান মোঃ সাইফুল ইসলাম, মরহুমার ছেলে ডাঃ আহমদ জিয়া করিম ও ইঞ্জিঃ আহমদ ইয়াসির করিম, পুত্রবধু সোমা, চমাশিহা মেডিকেল কলেজের এনাটমী বিভাগের প্রধান প্রফেসর মমতাজ বেগম, চমাশিহা মেডিকেল কলেজের প্রিন্সিপাল প্রফেসর এ এস এম মোস্তাক আহমেদ, হাসপাতালের পরিচালক (প্রশাসন) ডাঃ মোঃ নূরুল হক, ইনষ্টিটিউট অব চাইল্ড হেলথ এর পরিচালক প্রফেসর ডাঃ ওয়াজির আহমেদ ও হাসপাতালের প্রাক্তন মেট্রন মিসেস মালতী বড়ুয়া। সভাতে মরহুমার আত্মার মাগফেরাত কামনা করে বিশেষ দোয়া ও মোনাজাত পরিচালনা করেন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের আরবী বিভাগের সহযোগী অধ্যাপক মাওলানা গিয়াস উদ্দিন তালুকদার। সভাতে আরো উপস্থিত ছিলেন কার্যনির্বাহী কমিটির ভাইস প্রেসিডেন্ট ডাঃ এম মাহফুজুর রহমান, জয়েন্ট জেনারেল সেক্রেটারী ডাঃ মোঃ আরিফুল আমীন, ট্রেজারার জনাব মোঃ রেজাউল করিম আজাদ, কার্যনির্বাহী কমিটির সদস্য ডাঃ কামরুন নাহার দস্তগীর, জনাব মোঃ আনোয়ারুল ইসলাম, ইঞ্জিনিয়ার এম আলী আশরাফ, মিসেস রেখা আলম চৌধুরী, অধ্যক্ষ লায়ন ড. মোহাম্মদ সানাউল্লাহ, আলহাজ্ব মোঃ আহছান উল্যাহ, জনাব মোঃ জাহিদুল হাসান, আলহাজ্ব মোঃ হারুন ইউছুপ, জনাব এম জাকির হোসেন তালুকদার প্রমুখ। অনুষ্ঠানে হাসপাতালের আজীবন সদস্য/সদস্যা, হাসপাতাল, মেডিকেল কলেজ ও নার্সিং ইনষ্টিটিউটের সর্বস্তরের ডাক্তার, নার্স, কর্মকর্তা কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন। কার্যনির্বাহী কমিটির প্রেসিডেন্ট প্রফেসর এ এস এম ফজলুল করিম তার মরহুমা স্ত্রী শাহিদা করিমের জন্য দোয়া করার জন্য সকলকে বিশেষ ভাবে অনুরোধ করেন এবং শোকসভা আয়োজনের জন্য তাদের পরিবারের পক্ষ থেকে আন্তরিক ধন্যবাদ জানান।




*ডাঃ শাহিদা করিমের মৃত্যুতে আয়োজিত শোকসভায় প্রধান অতিথির বক্তব্য রাখছেন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য্য ও চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল মেডিকেল কলেজের গভর্ণিং বডির মাননীয় চেয়ারম্যান প্রফেসর ড. ইফতেখার উদ্দিন চৌধুরী।*

# CHATTAGRAM MAA-SHISHU O GENERAL HOSPITAL

Agrabad, Chittagong.

## Hospital Activities for the Month **January - March 2017**

| | Jan '17 | Feb'17 | Mar'17 |
|---|---|---|---|
| Out Patient Dept : | | | |
| Paediatrics | 6298 | 6272 | 6358 |
| Adult Patient (Medicine) | 2090 | 2381 | 2556 |
| Consultancy Service (Paediatric) | 808 | 836 | 777 |
| Consultancy Service (Adult) | 791 | 760 | 835 |
| Obs. & Gynae | 1708 | 2097 | 2407 |
| Surgical (Paediatric) | 776 | 837 | 844 |
| Surgical (General) | 606 | 590 | 649 |
| Mini O.T. | 1530 | 1964 | 1866 |
| E.N.T. | 1263 | 1250 | 1321 |
| Orthopaedics | 1361 | 1355 | 1508 |
| Skin Diseases | 1085 | 965 | 1009 |
| Eye | 892 | 870 | 888 |
| Dental Cases | 543 | 494 | 525 |
| ORT | 53 | 50 | 61 |
| Psychology | 139 | 118 | 164 |
| Neurology | 408 | 342 | 424 |
| Asthma Clinic | 37 | 46 | 22 |
| Family Planning | 122 | 150 | 96 |
| Psychiatry | 156 | 159 | 241 |
| Dots Corner | 510 | 320 | 475 |
| Spech Therapy | 279 | 251 | 286 |
| Physiotherapy | 586 | 588 | 655 |
| L.M.C. | 78 | 62 | 55 |
| Referrd Cases | 164 | 163 | 175 |
| E.P.I. | 1756 | 1791 | 1530 |
| Gastroenterology Uint | 56 | 30 | 65 |
| EEG | 99 | 79 | 110 |
| RNDA | 366 | 20 | 423 |
| GDA | 183 | 215 | 181 |
| Low Vision | 127 | 201 | 147 |
| MTW | 01 | 04 | 09 |
| Sitting Fitting | 69 | 46 | 69 |
| ETT | 28 | 04 | 06 |
| **Sub Specialty Clinic** | | | |
| Cardiology (Child) | - | 01 | - |
| Paediatric Nephrology | 22 | 20 | 23 |
| Adult Nepgrology | 25 | 20 | 24 |
| Nuro Medicine | 122 | 123 | 275 |
| Oncology | 45 | 34 | 58 |
| Chemotherapy | 35 | 20 | 36 |
| Physical Medicine | 161 | 146 | 158 |
| **In Patint Departmnt:** | | | |
| Paediatric (Admission) | 4264 | 3905 | 4196 |
| Maternity (Admission) | 523 | 506 | 631 |
| Neonatal (Admission) | 244 | 162 | 228 |
| Adult Medicine (Admission) | 623 | 687 | 749 |
| Adult CCU (Admission) | 38 | 31 | 30 |
| Paediatric Surgery (Admission) | 161 | 139 | 151 |
| Paediatric Surgery (Operation) | 130 | 129 | 137 |
| Operation Obs. & Gynae | 263 | 262 | 310 |
| General Surgery (Admission) | 183 | 134 | 212 |
| General Surgery (Operation) | 14 | 20 | 32 |
| Orthopadic Surgery (Admission) | 73 | 56 | 80 |
| Orthopadic Surgery (Operation) | 35 | 29 | 34 |
| E.N.T. (Admission) | 32 | 15 | 39 |
| E.N.T. (Operation) | 11 | 11 | 13 |
| Eye (Admission) | 08 | 01 | 04 |
| Eye (Operation) | 06 | 05 | 02 |
| Thalassamia (Admission) | 33 | 36 | 41 |
| Cabin | 498 | 296 | 477 |
| Pathology | 8234 | 7812 | 8451 |
| Radiology | 3234 | 3332 | 3499 |
| Ultrasanography | 1086 | 1053 | 1182 |
| CT Scan | 79 | 78 | 89 |
| E.C.G. | 277 | 200 | 275 |
| Kindney Dialysis | 343 | 291 | 341 |
| Echocardiongram | 210 | 241 | 235 |
| Paediatric CCU (Admission) | 12 | 15 | 23 |
| Adult ICU (Admission) | 27 | 36 | 34 |
| Adult HDU (Admission) | 16 | 17 | 17 |
| Paediatric HDU (Admission) | 27 | 20 | 55 |
| Urology (Admission) | 37 | 45 | 29 |
| Urology (Operation) | 10 | 13 | 15 |
| Emergency | 2443 | 2547 | 2527 |
| Total Death | 75 | 55 | 54 |

## DONORS OF -January, February & March-2017

| | January | February | March |
|---|---|---|---|
| Materials:- | | | |
| Neslle Bangladesh Ltd.(Chair, Fan) | 11,900 | - | - |
| Mabia Rashida Foundation(Syringe pump, Suction Machine,Pulse oximeter) | 262,000 | - | - |
| Md. Nayeem Hossain Raju. (Plastic Chair) | - | 1,575 | - |
| Dr. Shafatujahan.(Jai Namaz) | - | - | 6,000 |
| Dr. Fahim Hassan Reza.(O.T Consumable) | - | - | 3,000 |
| **Total:** | **273,900** | **1,575** | **9,000** |
| Medicine :- | | | |
| Prof. Dr. Wazir Ahmed | 7,662 | - - | - |
| Md. Rezaul Karim Azad | - | 880 | - |
| Chittagong RWH Agrabad, Ctg. | - | 1,962 | - |
| Inner Wheel Club of Blazing State. | - | 5,319 | - |
| Md. Abul Monsor. | - | - | 38 |
| Md. Jamal Hossain. | - | - | 230 |
| Dr. Fahim Hassan Reza. | - | - | 210 |
| Prof. Dr. Mahmood A. Chy.( Arzu). | - | - | 220 |
| Dr. Shahed Iqbal. | - | - | 330 |
| Opso Saline Limited. | - | - | 2,184 |
| Total: | 7,662 | 8,161 | 3,212 |
| Cash: | | | |
| Mr. Md. Zakir Islam. | 50,000 | - | - |
| Standered Chartered Bank Limited. | - | 307,955 | - |
| ACI Pharmaceuticals Ltd. | - | 20,000 | - |
| Bio Pharma Ltd. | - | 10,000 | - |
| Hasim Rabbi & Kaniz Mahmud. | - | - | 600,000 |
| **Total:** | **50,000** | **337,955** | **600,000** |
| **Donation of The Month:** | **331,562** | **347,691** | **612,212** |
| **Engr.L.K.Siddique Memorial.P. P. B. Fund4:** | | | |
| Chattagram Maa,Shishu-O-General Hospital. | 355,174 | 334,598 | 323,213 |
| Received From M.R Card. | 45,500 | 44,800 | 19,500 |
| All Employee of CMOSH (For Khichury Fund). | - | 25,570 | - |
| S.A Chy Trust Fund. | 15,000 | - | - |
| Mr. Khayes Ahmed Bhuiyan. | - | - | 4,000 |
| **Total:** | **415,674** | **404,968** | **346,713** |
| **Zakat:** | **10,000** | **5,000** | **10,000** |

**BOOK POST / PRINTED MATTERS**

To,

Postage

If undelivered please return to:
**Chattagram Maa-O-Shishu Hospital**
Agrabad, Chittagong, Bangladesh.
Phone : 880-31-718521 / 718525/711236/2520063, Fax : 880-31-2525409
E-mail : cmoshctg@gmail.com **Web side : www.cmoshbd.org**

## চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের ৩৬ তম বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত

চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের ৩৬ তম বার্ষিক সাধারণ সভা গত ২৫/০৫/২০১৭ ইং তারিখ হাসপাতাল ক্যাম্পাসে অনুষ্ঠিত হয়। সভাতে সভাপতিত্ব করেন কার্যনির্বাহী কমিটির প্রেসিডেন্ট প্রফেসর এ এস এম ফজলুল করিম। সভার শুরুতেই বিগত ১ বছর কার্যকালে যেসকল বিশিষ্ট ব্যক্তিবর্গ, হাসপাতালের আজীবন সদস্য/সদস্যা ও হাসপাতালের কর্মকর্তা, কর্মচারী মৃত্যু বরণ করেছেন তাঁদের জন্য শোক প্রস্তাব গৃহীত হয়। সভাতে তাদের আত্মার মাগফেরাত কামনা করে বিশেষ দোয়া ও মোনাজাত করা হয়। বার্ষিক সাধারণ সভায় গত ২০/০৫/২০১৭ ইং তারিখে অনুষ্ঠিত হাসপাতালের কার্যনির্বাহী কমিটির নির্বাচন ২০১৭ এর ফলাফল আনুষ্ঠানিক ভাবে ঘোষণা করেন প্রধান নির্বাচন কমিশনার ও চট্টগ্রামের অতিরিক্ত বিভাগীয় কমিশনার (উন্নয়ন) সৈয়দা সারোয়ার জাহান। বার্ষিক সাধারণ সভায় স্বাগত বক্তব্য রাখেন কার্যনির্বাহী কমিটির ভাইস প্রেসিডেন্ট প্রফেসর এম এ তাহের খান। সভায় কার্যনির্বাহী কমিটির জেনারেল সেক্রেটারী ডাঃ আঞ্জুমান আরা ইসলাম ২০১৬ সালের হাসপাতালের বার্ষিক প্রতিবেদন উপস্থাপন করেন। বার্ষিক প্রতিবেদনে তিনি বিগত ১ বছর কার্যকালে হাসপাতালের সার্বিক কার্যক্রম বিশেষ করে উল্লেখিত সময়ের বিশেষ বিশেষ অর্জন সমূহ আজীবন সদস্য/সদস্যাগণের উদ্দেশ্যে তুলে ধরেন। তিনি সম্মানিত আজীবন সদস্য/সদস্যাবৃন্দকে পুনরায় তাকে এবং তার পূর্ণ প্যানেলকে নির্বাচিত করায় ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান। কার্যনির্বাহী কমিটির ট্রেজারার ডাঃ আরিফুল আমীন সভাতে হাসপাতালের ২০১৬ সালের হাসপাতালের নিরীক্ষা প্রতিবেদন ও ২০১৭ সালের বাজেট উপস্থাপন করেন এবং বাজেটের বিশেষ বিশেষ দিক সমূহ সভাতে তুলে ধরেন। সভাতে চট্টগ্রাম মা ও শিশু



*চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের ৩৬ তম বার্ষিক সাধারণ সভায় বক্তব্য রাখছেন কার্যনির্বাহী কমিটির প্রেসিডেন্ট প্রফেসর এ এস এম ফজলুল করিম।*

হাসপাতাল মেডিকেল কলেজের ২০১৬ সালের নীরিক্ষা প্রতিবেদন ও ২০১৭ সালের বাজেট উপস্থাপন করেন চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল মেডিকেল কলেজের গভর্ণিং বডির ভাইস চেয়ারম্যান কাম ট্রেজারার জনাব মোঃ রেজাউল করিম আজাদ। সম্মানিত আজীবন সদস্য/সদস্যাগণ জেনারেল সেক্রেটারীর রিপোর্ট, হাসপাতাল ও মেডিকেল কলেজের নিরীতি হিসাব প্রতিবেদন এবং ২০১৭ সালের প্রস্তাবিত বাজেটের উপর আলোচনায় অংশ গ্রহণ করেন। বিস্তারিত আলোচনা শেষে সভায় জেনারেল সেক্রেটারীর ২০১৬ সালের বার্ষিক প্রতিবেদন, ২০১৬ সালের হাসপাতাল ও মেডিকেল কলেজের আর্থিক প্রতিবেদন, নিরক্ষিতি হিসাব প্রতিবেদন ও ২০১৭ সালের প্রস্তাবিত বাজেট সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। আজীবন সদস্য/ সদস্যাগণের মধ্যে আলোচনায় অংশগ্রহণ করেন জনাব নিয়াজুর রহমান, লিয়াকত আলী খান, মোঃ নুরুল হুদা, হাসান মুরাদ, মাহমুদুর রহমান শাওন, অধ্যাপক জাহাঙ্গীর চৌধুরী, এস এম সালাউদ্দিন, লায়ন মোঃ শাহ আলম, মোঃ আসাদুজ্জামান মৃধা, আলহাজ্ব মোহাম্মদ উল্লাহ, এস এম গিয়াস উদ্দিন, ফজলুল করিম মুন্না, ওয়াজি উল্লাহ, মোঃ শাহ আলম চৌধুরী, মোঃ আসাদ পারভেজ, শোঃ শামসুল আলম, জনাব মোঃ সাগির, মোঃ আলমগীর বৈদি, সৈয়দ নুর-উন-নবী লিটন, এডভোকেট মীর মোঃ ফেরদৌস, আবু তালেব সোহেল, সালাউদ্দিন সামি ও সৈয়দ মাহমুদ জামি। সম্মানিত আজীবন সদস্যবৃন্দ আলোচনায় হাসপাতালের উন্নয়ন ও অগ্রগতিতে তাদের মূল্যবান মতামত ও পরামর্শ প্রদান করেন। তারা একটি সুন্দর রিপোর্ট ও বাজেট উপস্থাপন করার জন্য জেনারেল সেক্রেটারী ও ট্রেজারারকে আন্তরিক ধন্যবাদ জানান। কার্যনির্বাহী কমিটির প্রেসিডেন্ট ও জেনারেল সেক্রেটারী সভাকে অবহিত করেন যে, সম্মানিত আজীবন সদস্যদের মূল্যবান পরামর্শ ও মতামত সমূহ লিপিবদ্ধ করা হয়েছে। কার্যনির্বাহী কমিটির সভায় এগুলি আলোচনা করে অগ্রাধিকার ভিত্তিতে বাস্তবায়ন করা হবে। কার্যনিবাঁহী কমিটির প্রেসিডেন্ট প্রফেসর এ এস এম ফজলুল করিম ৩৬তম বার্ষিক সাধারণ সভায় উপস্থিত হয়ে বার্ষিক সাধারণ সভাকে সফল করার জন্য সম্মানিত আজীবন সদস্য/সদস্যাগণকে আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান। সভাতে ধন্যবাদ জ্ঞাপন করেন কার্যনিবাঁহী কমিটির ভাইস প্রেসিডেন্ট ডাঃ এম মাহফুজুর রহমান। সভাতে বিপুল সংখ্যক আজীবন সদস্য/সদস্যা অংশগ্রহণ করেন। সমগ্র অনুষ্ঠানটি পরিচালনা করেন কার্যনির্বাহী কমিটির ভাইস প্রেসিডেন্ট জনাব এস এম মোরশেদ হোসেন। সভাতে আরো উপস্থিত ছিলেন কার্যনির্বাহী কমিটির সদস্য ডাঃ কামরুন নাহার দস্তগীর, মোঃ আনোয়ারুল ইসলাম, মিসেস রেখা আলম চৌধুরী, অধ্যক্ষ ড. লায়ন মোহাম্মদ সানাউল্লাহ, জনাব এস এম কুতুব উদ্দিন, জনাব মোঃ জাহিদুল হাসান, এডভোকেট আহসান উল্যাহ, জাকির হোসেন তালুকদার, ইঞ্জিঃ মোঃ জাবেদ আবছার চৌধুরী, ডাঃ মোঃ পারভেজ ইকবাল শরীফ প্রমূখ।

**EDITORIAL BOARD :**

• Chairman Editorial Board : **Dr. Anjuman Ara Islam** • Chief Editor : **S. M. Morshed Hossain**
• Executive Editor : **Nur Mohammed** • Editor : **Md. Rezaul Karim Azad**
• Printed by : **Pack & Robi Printers.** Mobile : 01718 371001